

মুক্তমনার যাত্রাপথ

ভজন সরকার

আমি ব্যক্তিগত ভাবে লেখকের ব্যক্তি-স্বাধীনতায় বিশ্বাস করি । আবার স্বীকার করি লেখক ও পাঠকের সীমাবদ্ধতাকেও । সবার কাছ থেকে একই প্রজ্ঞা এবং পরিমিতিবোধ আশা করা যায় না । কারণ শিক্ষার সাথে সাথে পারিবারিক ঐতিহ্য ও মূল্যবোধও মানুষ ব'য়ে বেড়ায় আজীবন - অনেকে সচেতন ভাবে -কেউ কেউ আবার অবচেতন মনে । তাই লক্ষ্য করলে দেখা যাবে, অনেক পরিশীলিত মানুষও ক্ষণিকের জন্য এমন আচরন করে থাকে -যা তার শিক্ষা-সংস্কৃতির বিরুদ্ধে । মানুষের এ বিচিত্র মানসভূমি নিয়ে কাজ-কারবারই মনোবিজ্ঞানের ।

এ প্রসঙ্গে প্রয়াত ডঃ আহমদ শরীফের এক আড্ডার কথা মনে পড়ে । সোহরওয়ার্দী উদ্যানের নিয়মিত আসরে ডঃ আহমদ শরীফ যুক্তিবাদ ও মুক্ত-চিন্তা নিয়ে আলোচনা করতেন । প্রাসংগিক ভাবেই ধর্মীয় গোড়ামী ও বিশ্বাসের নানা প্রসঙ্গে ইসলামের কথা এসে যেতো । আসরে উপস্থিত এক তরুণ হঠাৎ বলে বসল ,সে কাল সারারাত ঘুমাতে পারে নি । কারণ, কাল বিকেলে আড্ডায় যা সে শুনেছে তা তার পারিবারিক শিক্ষার সাথে সংগতিপূর্ণ নয় । এক মধ্যবিত্ত মুসলিম পরিবারে জন্মে সে শিক্ষা পেয়েছে ধর্মীয় আনুগত্যের। দেখেছে তার পরিবার ধর্মকে কিভাবে আঁকড়ে ধরে আছে সুখে-দুঃখে, বিপদে -আপদে। শিখেছে ইসলাম নিয়ে প্রশ্ন করা মাত্রই সে অবিশ্বাসী হয়ে নিষ্কিঞ্চ হবে জাহান্নামের আগুনে । তাই আড্ডার ইসলামবিষয়ক সে আলোচনা তাকে কঠিন প্রশ্নের মুখোমুখি দাঁড় করিয়েছে । প্রাথমিক সিদ্ধান্তে সে নিজেকে পাপী-গুনাহগার হিসেবে মনে করেছে ।

আসলে মুক্ত-চিন্তার প্রাথমিক বাঁধাটা বোধ হয় এটাই । পরিবার, পরিবেশ-প্রতিবেশ, বিদ্যালয়, পাঠ্যপুস্তক থেকে আরম্ভ করে বৃহত্তর সমাজ-রাষ্ট্র সবকিছু প্রতিনিয়ত আমাদের যা শিখাচ্ছে তা কি মুক্ত-চিন্তার সহায়ক ? বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সবখানেই একজন বিজ্ঞান শিক্ষক আর আরবী (ধর্মীয়) শিক্ষকের মধ্যে চিন্তা-চেতনায় কোন ব্যবধান নেই । ইলেক্ট্রনিক মিডিয়া থেকে আরম্ভ করে সর্বত্র যে ভাবে ধর্মীয় প্রচারনার আগ্রাসন, মুক্ত-চিন্তার মানুষের পক্ষে প্রচারণা দূরে থাক বসবাসই অসহনীয় ।

ভাবুন তো ! একজন আহমদ শরীফ, একজন হুমায়ুন আজাদ সমাজের এত উচ্চ-পর্যায়ে পৌঁছেও কেমন নিরাপত্তাহীনতায় কাটিয়েছেন সারাটা সময় । আমাদের সমাজ-রাষ্ট্র একজন হুমায়ুন আজাদকে শান্তি দিয়ে বুঝিয়ে দিয়েছে - এসব সহ্য করা হবে না । একজন তসলিমা নাসরিন-একজন দাউদ হায়দারকে বাইরে রেখে অন্যদের কাছে যে অমোঘবার্তাটা পৌঁছে দিচ্ছে, সেটাই মুক্ত-চিন্তা আর মুক্তমনার বিরুদ্ধে ।

তাই মুক্তমনাদের এ যাত্রাপথ কুসুমাকীর্ণ নয় । সেতারা হাশেমদের এ অশ্লীলতা তো সবে শুরু !!!

॥ এপ্রিল ৮, ২০০৬ ॥